

বিজ্ঞপ্তি

৮০.১১২.০১১.০০.০০.০৩৩.২০১৬- ৩২

তারিখঃ ৬ ফেব্রুয়ারি, ২০১৮

বিষয়ঃ রেলপথ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী (ওয়ার্কস, মেকানিক্যাল, ট্রেন-এক্সামিনার ও ইলেকট্রিক) ৪(চার) ক্যাটাগরি পদের লিখিত পরীক্ষা গ্রহণ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রেলপথ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী (ওয়ার্কস, মেকানিক্যাল, ট্রেন-এক্সামিনার ও ইলেকট্রিক) পদে নিয়োগের জন্য ১০.১১.২০১৬ তারিখের ৭১, ৭৪, ৭৬ ও ৭৮ নম্বর বিজ্ঞপ্তির প্রেক্ষিতে অনলাইনে রেজিস্ট্রেশনকৃত প্রার্থীদের বাছাই (MCQ) পরীক্ষা ২৫.০৭.২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত বাছাই (MCQ) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্র ও সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ

লিখিত পরীক্ষার কেন্দ্র : শেরে বাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, ঢাকা
লিখিত পরীক্ষার তারিখ ও সময় : ২৬ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ; বেলা ১:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত

পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সম্পর্কিত নির্দেশাবলীঃ

- প্রার্থীদের নামে নতুন করে ডাকযোগে কোন প্রবেশপত্র প্রেরণ করা হবে না। অন-লাইনে রেজিস্ট্রেশনকালে ডাউনলোডকৃত প্রবেশপত্র নিয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন। প্রবেশপত্র হারিয়ে গেলে বা নষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটক বাংলাদেশ লিঃ এর <http://bpsc.teletalk.com.bd> ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
- প্রবেশপত্র ও হাজিরা তালকার ছবি এবং স্বাক্ষরের সঙ্গে সংশ্লিষ্ট প্রার্থীর চেহারা ও উত্তরপত্রে প্রদত্ত স্বাক্ষরের মিল না থাকলে প্রার্থীকে বহিষ্কারসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- কোন প্রার্থী ৪(চার) ক্যাটাগরি পদের মধ্যে একাধিক পদে আবেদন করে থাকলে, তিনি যে কোন একটি পদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করলে অন্য পদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করেছেন মর্মে গণ্য হবেন। এ ক্ষেত্রে প্রার্থী যে পদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন, তাকে সে পদের প্রবেশপত্র সাথে আনতে হবে এবং সে পদের রেজিস্ট্রেশন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।
- পরীক্ষার জন্য নির্ধারিত সময়ের অন্তত ১৫ মিনিট পূর্বে পরীক্ষার কক্ষে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থী পরীক্ষার হলে প্রবেশ করতে পারবেন না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘন্টার মধ্যে কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- প্রার্থীদেরকে বাংলা-৫০, ইংরেজি-৫০, সাধারণ জ্ঞান-৪০ এবং টেকনিক্যাল বিষয়-৬০ নম্বরসহ ৪টি বিষয়ের মোট ২০০ নম্বরের একটি সমন্বিত প্রশ্নপত্র প্রদান করা হবে। নির্ধারিত ৩ ঘন্টা সময়ের মধ্যে তাদেরকে ৪টি বিষয়ের ২০০ নম্বরের উত্তর প্রদান করতে হবে।
- প্রত্যেক পরীক্ষার্থীকে একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি পৃথক উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থী প্রতিটি বিষয়ের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করবেন। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করা যাবে না; একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হয়ে যাবে।
- প্রশ্নপত্রে ৪টি বিষয়ের জন্য আলাদা আলাদা বিষয় কোড থাকবে। বিষয় কোড সংশ্লিষ্ট উত্তরপত্রের নির্দিষ্ট স্থানে লিখে সংশ্লিষ্ট বৃত্ত ভরাট করতে হবে, অন্যথায় উত্তরপত্র বাতিল হয়ে যাবে।
- পরীক্ষা কেন্দ্রে ব্যাগ, বইপত্র, মোবাইল ফোন, যে কোন ধরণের ঘড়ি, ইলেকট্রনিক্স ডিভাইস, সাইনটিক্যাল ক্যালকুলেটর ও যে কোন প্রকার যোগাযোগ যন্ত্র আনা/বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ। কোন পরীক্ষার্থী উল্লিখিত নিষিদ্ধ সামগ্রী বহন করেছেন কিনা তা নির্ণয়ের জন্য হল গেটে বিশেষ তল্লাশী অভিযান পরিচালনা করা হবে। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোন প্রার্থীর সাথে বর্ণিত সামগ্রী পাওয়া গেলে বা কোন প্রার্থী অসাধু পছা অবলম্বন বা অশোভন আচরণ করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যে কোন নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। তবে সাইনটিক্যাল ক্যালকুলেটর বা এ জাতীয় কোন যন্ত্র সঙ্গে আনা যাবে না।
- পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ বিষয় ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুকে নেয়ার পর পরীক্ষার্থীগণ কক্ষ ত্যাগ করবেন।
- কোন প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি/লংঘন দেখা গেলে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে পরবর্তীতে কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্রের হার্ডকপি জমা দিতে হবে। বিজ্ঞপ্তি কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd -এ পাওয়া যাবে।

* পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;

* চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

০৩.০২.২০১৮
(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক(নন-ক্যাডার)
অতিরিক্ত সচিব